

**জিবিপি হাসপাতালে অর্থোপেডিক্স ডিপার্টমেন্টের সাফল্য
সম্পূর্ণ বিনামূল্যে মহিলার সফল হিপ জয়েন্ট প্রতিস্থাপন**



রাজ্য সরকারের ঐকান্তিক প্রয়াসের ফলে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে স্বাস্থ্য পরিষেবার প্রভূত উন্নতি ঘটেছে। বর্তমানে জিবিপি হাসপাতালে বিভিন্ন ডিপার্টমেন্টে রাজ্যের বিশেষজ্ঞ চিকিৎসকগণ সাফল্যের সঙ্গে একের পর এক চিকিৎসা পরিষেবা প্রদান করে নানা জটিল রোগের চিকিৎসার মাধ্যমে রোগীদের সুস্থ করে তুলছেন। সম্প্রতি এমনই এক জটিল সমস্যায় আক্রান্ত রোগীকে সুস্থ করে তুললেন, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের অর্থোপেডিক্স ডিপার্টমেন্ট-এর বিশেষজ্ঞ চিকিৎসকগণ।

সিপাহীজলা জেলার মেলাঘরের কুমারিয়া কোচার এলাকার ৩৩ বছর বয়সী এক মহিলা গত প্রায় ১০ বছর ধরে হিপ জয়েন্টের তীব্র ব্যথায় ভুগছিলেন। তিনি দীর্ঘ দিন যাবৎ বিভিন্ন স্থানে চিকিৎসা করেও স্থায়ী সমাধান হয়নি। ফলে তাঁর দুই পা ধনুকের মতো বেঁকে যায় এবং তিনি স্বাভাবিকভাবে বসতে বা হাঁটতে পারতেন না। গত ২৯ জুলাই ২০২৫ তিনি আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের অর্থোপেডিক্স ডিপার্টমেন্টের দুই নং ইউনিট এর তত্ত্বাবধানে ভর্তি হন। জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ অর্থোপেডিক্স চিকিৎসক ডাঃ সন্তোষ রিয়াং মহিলার প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করেন ও চিকিৎসা শুরু করেন। এরপর পরীক্ষা-নিরীক্ষার রিপোর্টের ভিত্তিতে বিশেষজ্ঞ অর্থোপেডিক্স চিকিৎসক ডাঃ রিয়াং মহিলার অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন। এরপর গত ১৩ আগস্ট ও ১০ সেপ্টেম্বর ২০২৫ দুই ধাপে তাঁর বাম দিকের হিপ জয়েন্টে অস্ত্রোপচার সম্পন্ন করা হয়। অস্ত্রোপচারের পর তিনি প্রায় একমাস হাসপাতালে চিকিৎসকের তত্ত্বাবধানে ভর্তি থাকার পর গত ২২ সেপ্টেম্বর ২০২৫ প্রথমবারের মতো ছুটি পান। পরবর্তী সময়ে গত ৪ নভেম্বর ২০২৫ ডান দিকের হিপ জয়েন্টের অস্ত্রোপচারের জন্য পুনরায় মহিলাকে ভর্তি করা হয়। এরপর গত ১৯ নভেম্বর ২০২৫ মহিলার ডান দিকের হিপ জয়েন্টে সফল অস্ত্রোপচার করা হয়। এরপর আবার মহিলাকে হাসপাতালে চিকিৎসকের তত্ত্বাবধানে ভর্তি রাখা হয় এবং গত ১ ডিসেম্বর ২০২৫ তাঁকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। বর্তমানে মহিলার দুই দিকেই হিপ জয়েন্ট প্রতিস্থাপনের পর তিনি সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেছেন। তিনি এখন নিজে নিজেই হাঁটতে ও বসতে পারছেন। এই জটিল অস্ত্রোপচারে বিশেষজ্ঞ অর্থোপেডিক্স চিকিৎসক ডাঃ সন্তোষ রিয়াং এর সাথে ছিলেন ডাঃ সরজিৎ দেববর্মা, ডাঃ পুলক সাহা ও ডাঃ অনিন্দ্য দেবনাথ। অ্যানেস্থেসিওলজিস্ট ছিলেন ডাঃ ভাস্কর মজুমদার ও ডাঃ অসিত ভট্টাচার্য। ওটি অ্যাসিস্ট্যান্ট ছিলেন সানি দেবনাথ ও অরুণ চৌধুরী। উল্লেখ, মহিলা

আয়ুষ্কান কার্ডের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে এই জটিল অস্ত্রোপচারের সুবিধা লাভ করেছেন। দীর্ঘ ১০ বছরের শারীরিক কষ্ট কাঁটিয়ে মহিলা স্বাভাবিক জীবনে ফিরতে সক্ষম হয়েছেন। এই সফল হিপ জয়েন্ট প্রতিস্থাপন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের চিকিৎসা পরিষেবার এক উল্লেখযোগ্য সাফল্যের দৃষ্টান্ত। হাসপাতালের অর্থোপেডিক্স ডিপার্টমেন্টের চিকিৎসক, টেকনিশিয়ান ও নার্সিং স্টাফদের সম্মিলিত নিষ্ঠা ও দক্ষতার ফলেই এই জটিল অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হয়েছে। এজন্য মহিলা ও তাঁর পরিবার-পরিজনেরা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।